


উদ্দেশ্যমূলকভাবে শিবির ট্যাগিং গুজব ছড়ানো হচ্ছে!

মোহাম্মদ মাসুম বিল্লাহ রাষ্ট্রী, তিতুমীর কলেজ

প্রকাশিত: ২১:২৮, ২৩ নভেম্বর ২০২৫



সরকারি তিতুমীর কলেজে সাংবাদিকদের ওপর হামলার ঘটনাকে ভিন্ন খাতে প্রবাহিত করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে উদ্দেশ্যমূলকভাবে ‘শিবির ট্যাগিং’ করে গুজব ছড়াচ্ছে কলেজ শাখা ছাত্রদলের নেতাকর্মীরা।

শনিবার (২২ নভেম্বর) মধ্যরাতে ক্যাম্পাসে ব্যানার টানানোর ঘটনায় সরকারি তিতুমীর কলেজে ছাত্র শিবিরের সাথে সংঘর্ষে জড়ায় ছাত্রদল। এই ঘটনায় পেশাগত দায়িত্ব পালনকালে ছাত্রদলের হামলার শিকার হন সরকারি তিতুমীর কলেজ সাংবাদিক সমিতির সাবেক সভাপতি ও বাংলাদেশ প্রতিদিনের স্টাফ রিপোর্টার তাওসিফ মাইমুন, দ্য ডেইলি ক্যাম্পাসের ক্যাম্পাস প্রতিনিধি মো: আল আমিন মৃধা, সাংবাদিক সমিতির সহযোগী সদস্য মো: সাদিকুল ইসলাম। ঘটনার পরপরই সামাজিক যোগাযোগ মাধ্যমে ভূয়া পেইজ ও একাধিক ছাত্রদল নেতার ফেসবুক পোস্টে আহত সাংবাদিককে শিবির নেতা বলে ট্যাগিং করা হয়। তবে এই ঘটনায় কোন প্রমাণ উপস্থাপন করতে পারেননি ছাত্রদল নেতারা।

এই ঘটনায় আহত সাংবাদিক তাওসিফ মাইমুন বলেন, গতকাল রাতে তিতুমীর কলেজের ডেইলি ক্যাম্পাসের প্রতিনিধির উপর হামলা করে কলেজ ছাত্রদল। তাকে বাঁচাতে গেলে আমার উপর হামলা চালায়। ঘটনার দায় মুক্তি পেতে নির্ভজভাবে আমাকে শিবির ট্যাগ দেয়ার চেষ্টা করছে। অথচ আমার সাথে শিবিরের কোন সম্পর্ক নেই। ক্যাম্পাসে ছাত্রদল শিবিরের সংঘর্ষের ঘটনায় সরকারি তিতুমীর কলেজ সাংবাদিক সমিতি সদস্যদের সাথে আমরা ক্যাম্পাসে উপস্থিত হই। এসময় দায়িত্বপালন কালে সমিতির সদস্যদের উপর হামলা চালায় তিতুমীর কলেজ ছাত্রদল।